আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৩ শাখা
www.mofl.gov.bd

নম্বর-৩৩.০০.০০০০.০০০.১১৯.১৩.০০১৯.২৫-২২৯

তারিখ: ১২ কার্তিক ১৪৩৩ / ২৮ অক্টোবর ২০২৬

প্রাপকঃ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

বিষয়ঃ **ডাঃ কাজী রফিকুজ্জামান (গ্রেডেশন নং-১১০৩), প্রাক্তন- চীফ ইন্সট্রাক্টর, ইনস্টিটিউট অব লাইভস্টক সায়েন্স এন্ড টেকনোলজি, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া (অবসরপ্রাপ্ত) এর অনুকূলে পেনশন ও আনুতোষিক মঞ্জুরি।**

সূত্রঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের ১২/১০/২০২৬ তারিখের ৩৩.০১.০০০০.০০০.১০১.১৩.০০৯৪.১৭-২০৯২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে ডাঃ কাজী রফিকুজ্জামান (গ্রেডেশন নং-১১০৩), প্রাক্তন- চীফ ইন্সট্রাক্টর, ইনস্টিটিউট অব লাইভস্টক সায়েন্স এন্ড টেকনোলজি, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া (অবসরপ্রাপ্ত) গত ২৪/০৮/২০২৫ তারিখে চাকরি হতে অবসর গ্রহণ করেন। তাঁর পেনশনযোগ্য চাকরিকাল ২৫ (পঁচিশ) বছর ১০ (দশ) মাস ভগ্নাংশকে বিধি মোতাবেক পূর্ণ ২৫ (পঁচিশ) বৎসর হিসেবে গণনা করতঃ ৯০% হারে আনুতোষিক বাবদ ৭৩,৬৯,২০০/- (তিয়াত্তর লক্ষ উনসত্তর হাজার দুইশত) টাকা এবং মাসিক পূর্ণ পেনশন বাবদ ৩২,০৪০/- (বত্রিশ হাজার চল্লিশ) টাকা মাত্র নির্দেশক্রমে মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

২। সূত্রস্থ পত্রের তথ্যানুযায়ী তাঁর কোন অডিট আপত্তি নেই। আবেদনকারীর প্রদত্ত অঙ্গীকারনামা এবং পেনশন ফরম ২.১ এর প্রথম অংশের ক্রমিক নং-৫ অনুযায়ী, তিনি বিধি মোতাবেক যে পরিমান অর্থ পেনশন ও আনুতোষিক হিসেবে প্রাপ্য তাঁর চেয়ে বেশি পরিমাণে অবসর ভাতা/আনুতোষিক প্রদান করা হলে বা তাঁর নিকট ভবিষ্যতে সরকারের কোনো পাওনা/আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত/সংশ্লিষ্টতা পরিলক্ষিত হলে, তিনি বা তাঁর উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণ ফেরৎ/পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৩। বর্ণিত কর্মকর্তার পেনশন ও আনুতোষিক সংশ্লিষ্ট ছকে বর্ণিত কাগজপত্রাদি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতৎসঙ্গে প্রেরণ করা হলো। এ সংক্রান্ত পেনশন পরিশোধ আদেশ (পি.পি.ও) জারি করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

ক্রঃ নং	বিবরণ	সংখ্যা
১.	পূরণকৃত পেনশন ফরম (মূলকপি)	১ কপি
২.	চাকরির বিবরণী	১ পাতা
৩.	অবসর ও পি.আর.এল-এ গমনের মঞ্জুরিপত্র	১ পাতা
৪.	প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি)	১ পাতা
৫.	পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি	১ কপি
৬.	জাতীয় পরিচয়পত্রের কপি	১ পাতা
৭.	প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্র (মূলকপি)	১ পাতা
৮.	নমুনা স্বাক্ষর ও পাঁচ আঙ্গুলের ছাপ (মূলকপি)	১ পাতা
৯.	আনুগত্য সনদপত্র ও অঙ্গীকারনামা	২ পাতা
১০.	বিভাগীয় না-দাবী প্রত্যয়নপত্র	১ কপি
১১.	কর্মকর্তার কর্মকালীন অডিট আপত্তি নিষ্পত্তি সম্পর্কে ৭ কলাম বিশিষ্ট নিরীক্ষা সংক্রান্ত প্রত্যয়নপত্র	১ কপি
১২.	বিভিন্ন কর্মস্থলের ১৭ কলাম বিশিষ্ট নিরীক্ষা সংক্রান্ত তথ্যাদি ও না-দাবী এবং বিভাগীয় মামলা সংক্রান্ত প্রত্যয়নপত্র	১০ পাতা
১৩.	চাকরি বৃত্তান্ত সংক্রান্ত অন্যান্য কাগজপত্রাদি	২৩ পাতা

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী ৫৭ (সাতান্ন) ফর্দ।

স্বা:

(মোঃ শফিকুল আলম)
উপসচিব
ফোন: ০২৯৫১৫৫২৭
E-mail: livestock-3@mofl.gov.bd

নম্বর- ৩৩.০০.০০০০.০০০.১১৯.১৩.০০১৯.২৫-২২৯(৭)

তারিখ: ১২ কার্তিক ১৪৩৩ / ২৮ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. মহাপরিচালক (ভারপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

২. ডাঃ কাজী রফিকুজ্জামান (গ্রেডেশন নং-১১০৩), প্রাক্তন- চীফ ইন্সট্রাক্টর, ইনস্টিটিউট অব লাইভস্টক সায়েন্স এন্ড টেকনোলজি, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া (অবসরপ্রাপ্ত)- **বর্তমান ঠিকানা-** ১৭-ডি-১২০৪, মাধবীলতা ভবন, রাজউক উত্তরা এপার্টমেন্ট প্রজেক্ট, উত্তরা-১৮, ঢাকা।

৩. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫. অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব প্রাণিসম্পদ) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৬/১০/২৬

(মোঃ শফিকুল আলম)
উপসচিব